জরুরী
**বিশেষ বাহক দ্বারা**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১৭.১৪-১০০ তারিখ : ০২ বৈশাখ ১৪২২ ব./১৫ এপ্রিল ২০১৫ খ্রি.।

বিষয় : ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী ২য় পর্যায়ের অর্থের মূল বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচি বাস্তবায়নের নিমিত্তে ২য় পর্যায়ে ৬৪টি জেলার ৪৮৯টি উপজেলা এবং তেজগাঁও সার্কেল-এ টি,আর নির্দেশিকা অনুযায়ী সাধারণ বরাদ্দ প্রদানের জন্য ১২০,০০,০০,০০০ (একশত বিশ কোটি) টাকা নিম্নেবর্ণিত শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর ছাড় করা হলো।

শর্তসমূহঃ

১) ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা আগামী ৩০ এপ্রিল খ্রি. তারিখের মধ্যে কাবিখা নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ/অনুমোদন করতে হবে;
(২) এ কর্মসূচির খাদ্যশস্য ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং টিআর নির্দেশিকা-এর অনুশাসনাবলী অনুসরণ করতে হবে;
(৩) এ বরাদ্দের খাদ্যশস্য দিয়ে ধর্মীয়/শিক্ষা/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়নে ব্যয় করা যাবে;
(৪) এই সরকারী আদেশে বরাদ্দকৃত অর্থ সোলার প্যানেল ও বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়নে ব্যবহার করতে হবে।
(৫) উপজেলাওয়ারী বরাদ্দের ক্ষেত্রে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ অর্থের বিভাজন প্রণয়ন করে বরাদ্দ প্রদান করবেন এবং বিভাজনের এক সেট মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

স্বাক্ষরিত/-
(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)
ফোন : ৯৫৪০১৩৯
ই-মেইল:dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১৭.১৪-১০০/১(১০) তারিখ : ০২ বৈশাখ ১৪২২ ব./১৫ এপ্রিল ২০১৫ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৫। জেলা প্রশাসক, (সকল) -------------------------- ।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৯। সিষ্টেম এনালিষ্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (অতিঃসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫/০৪/২০১৫
(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)